গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির জুলাই, ২০২৩ মাসের প্রতিবেদন।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ৩০ জুলাই ২০২৩ তারিখে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২৩-২৪ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। উক্ত মনিটরিং কমিটির পক্ষে সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বাংলাদশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) গত ৩১/০৭/২০২৩ তারিখে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (পিওসিএল)'র Main Installation (MI) পরিদর্শন করেন।

২। ২০২৩-২৪ অর্থবছরে এপিএ'তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রমের আওতায় ৫০ (পঞ্চাশ) লক্ষ মে. টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫০ (পঞ্চাশ) লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে জুলাই ২০২৩ মাসে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে জাহাজযোগে এবং ইন্ডিয়া বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের মাধ্যমে মোট ১৬টি পার্সেলে ডিজেল, জেট ফুয়েল, অকটেন ও ফার্নেস অয়েল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার প্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মেট্রিক টন


| পণ্য | জুলাই ২০২৩ মাসে আমদানি পরিকল্পনা (+/-১০%) | জুলাই ২০২৩ মাসে আমদানিকৃত | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল | ৩,১৭,৫০০ | ২২৫,৪৭৯ | • জুলাই ২০২৩ মাসে ১২টি পার্সেলে মোট ৩,৪৭,৩২০ মে. টন বিভিন্ন গ্রেডের পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে।<br>• অবশিষ্ট ৪টি পার্সেল আগস্ট, ২০২৩ মাসে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ডেফার করা হয়েছে। |
| জেটএ-১ | ৪০,০০০ | ৩৯,৯৯২ | |
| অকটেন | ৭৫,০০০ | ৭৬,৮৫০ | |
| ফার্নেস অয়েল | ৫,০০০ | ৪,৯৯৯ | |
| মোট | ৪,৩৭,৫০০ | ৩,৪৭,৩২০ | |

**২.২) পরিদর্শন কার্যক্রম:**


পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ৩১/০৭/২০২৩ তারিখে মনিটরিং কমিটির সদস্য-সচিব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন), বিপিসি পরিশোধিত তেলের পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (পিওসিএল)'র Main Installation (MI) পরিদর্শন করেন। তিনি পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের তালিকাভুক্ত কোস্টাল ট্যাংকার "MT Mercantile 12" এর মাধ্যমে প্রধান স্থাপনা হতে ডিপোতে তেল প্রেরণের উদ্দেশ্যে লোডিং কার্যক্রম ও ট্যাংক ফার্ম সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে পিওসিএল'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**চলমান পাতা-২**

২.৩) <u>স্থিরচিত্র:</u>



চিত্র-১: কমিটির সদস্য-সচিব পিওসিএল এর লাইটার জেটি-৫ (LJ-5) হতে কোস্টাল ট্যাংকার MT Mercantile 12 এ তেল লোডিং কার্যক্রম পরিদর্শন।



চিত্র-২: কমিটির সদস্য-সচিব কর্তৃক পিওসিএল এর ট্যাংক ফার্ম অপারেশন কার্যক্রম পরিদর্শন।

৩। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই ২০২৩ সময়ে পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

পরিমাণ: লক্ষ মে. টন

| কার্যক্রম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | অর্জন | সর্বমোট |
|---|---|---|---|
| | | জুলাই, ২০২৩ | |
| ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ৫০.০০ | ৩.৪৭ | ৩.৪৭ |

উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে জুলাই ২০২৩ মাসে ৪.৩৭ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে ৩.৪৭ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানি করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৭৯%। উল্লেখ্য, সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ৪টি পার্সেল আগস্ট ২০২৩ মাসে ডেফার করায় এ মাসে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

৪। **<u>কমিটির মন্তব্য/ সুপারিশ:</u>**

| ক্র.ম. | মন্তব্য/ সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/ বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখা প্রয়োজন; | বিপিসি |
| ৪.২ | লাইটার জেটিতে ট্যাংকার বার্থিং, লোডিং ও জেটি ত্যাগের সময় পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন; | বিপিসি |
| ৪.৩ | ট্যাংকে গৃহীত/ মজুদকৃত তেলের পরিমাণ নিশ্চিত হওয়ার লক্ষ্যে সকল ট্যাংকের ক্যালিব্রেশন হালনাগাদ রাখা প্রয়োজন; এবং | বিপিসি |
| ৪.৪ | জ্বালানি তেলের পরিমাপ ব্যবস্থা দ্রুত অটোমেশন/ আধুনিকায়ন করা প্রয়োজন। | বিপিসি |

মোহাম্মদ জাহিদ হোসাইন
উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
ও
সদস্য-সচিব
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব (অপারেশন-১ শাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

এ কে এম মিজানুর রহমান
উপসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

দীপক কুমার চক্রবর্তী
উপসচিব (অপারেশন-৩ শাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

ড. মোঃ রফিকুল ইসলাম
যুগ্মসচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি